বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.০৮.০০৯.২৬.২০৮ তারিখ : ১৬-০৭-২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয় : বন্যা পরবর্তী পরিস্থিতে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে সার্বিক অবস্থা এবং পরীক্ষার্থীদের শারীরিক ও মানসিক অবস্থা বিবেচনায় চলমান চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দনবান ও কক্সবাজার জেলাসমূহের এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২৬ স্থগিত প্রসঙ্গে।**

**সূত্র : পত্র নং আশিবো/প্রশা/২০১০/৮৪ তারিখ : ১৬/০৭/২০২৬খ্রি.**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আন্তঃশিক্ষা বোর্ডের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২৬-এর চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দনবান ও কক্সবাজার জেলাসমূহের প্রতিষ্ঠান প্রধান, পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জনানানো যাচ্ছে সাম্প্রতিক বন্যার পরবর্তী পরিস্থিতে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের সার্বিক অবস্থা, পরীক্ষার্থীদের মানসিক ও শারীরিক অবস্থা, অংশীজনদের সাথে আলোচনা করে এবং বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট এর কারণে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের আসা-যাওয়ার বিষয়টিসহ সার্বিক বিবেচনায় চলমান পরীক্ষার অবশিষ্ট বিষয়সমূহের পরীক্ষা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো। স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**১৬-০৭-২০২৬খ্রি.**
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.০৮.০০৯.২৬.২০৮ (৯) তারিখ : ১৬-০৭-২০২৬খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা।
৪. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
৭. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি।

১৬-০৭-২০২৬খ্রি.
(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

**অফিস: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা**

পত্র নং: আশিবো/প্রশা/২০১০/৮৪ তারিখ: ১৬/০৭/২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

**এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উচ্চমাধ্যমিক/সমমান পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান, পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক বন্যা-পরবর্তী পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের সার্বিক অবস্থা, পরীক্ষার্থীদের মানসিক ও শারীরিক অবস্থা, অংশীজনদের সাথে আলোচনা এবং বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট-এর কারণে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের আসা-যাওয়া অসুবিধার বিষয়টিসহ সার্বিক বিবেচনায় এইচএসসি/আলিম/এইচএসসি(বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০২৬-এর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অবশিষ্ট বিষয়সমূহের পরীক্ষা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে। পরীক্ষার সংশোধিত সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।**
**অন্যান্য শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (চট্টগ্রাম বোর্ডের অধীন জেলা ব্যাতীত) অন্যান্য জেলার পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।**

**এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২-৯৬১৫২৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৯. অফিস কপি।